বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
web: www.ecs.gov.bd
ফ্যাক্স : ৫৫০০৭৫৫৮, ৫৫০০৭৬১১

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০২০.১৮-৬৬১ তারিখঃ ২৮ কার্তিক ১৪২৫ / ১২ নভেম্বর ২০১৮

# পরিপত্র-৩

বিষয় : **একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচনি এলাকা, ভোটকেন্দ্র স্থাপন ও ব্যবস্থাপনা, ভোটগ্রহণকারী কর্মকর্তাদের প্যানেল প্রস্তুত, পোস্টাল ব্যালটে ভোটদান, নির্বাচনি কর্মকর্তা ও কর্মচারীদের জেলার বাইরে বদলীর আদেশ স্থগিত সম্পর্কিত পরিপত্র জারী ইত্যাদি**

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে জাতীয় সংসদ নির্বাচনের সময়সূচি জারী হওয়ার পরিপ্রেক্ষিতে নির্বাচন পরিচালনা সংক্রান্ত গুরুত্বপূর্ণ কিছু কার্যক্রম জরুরি ভিত্তিতে সম্পন্ন করতে হবে। পরিকল্পনা মাফিক কার্যক্রম গ্রহণের জন্য এ পরিপত্রে উল্লিখিত কাজগুলো প্রাধিকার ভিত্তিতে সম্পন্ন করতে হবে।

২। **নির্বাচনি এলাকা:** নির্বাচন কমিশন জাতীয় সংসদের ৩০০টি নির্বাচনি এলাকা পুনঃনির্ধারণ করে এ সংক্রান্ত প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ০৩ জুলাই ২০১৩ তারিখে প্রকাশ করা হয়েছে। গেজেটে উল্লিখিত নির্বাচনি এলাকার ভিত্তিতে ভোটকেন্দ্র নির্মাণ, ভোটার তালিকা উপযোগীকরণ ও অন্যান্য ব্যবস্থা গ্রহণ করতে হবে (সংলগ্নী-১)।

৩। **ভোটকেন্দ্র স্থাপন:** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৮ অনুচ্ছেদের বিধান অনুসারে জাতীয় সংসদ নির্বাচনের জন্য নির্বাচন কমিশন কর্তৃক ধার্যকৃত সময়সূচি অনুসারে ভোটকেন্দ্রের স্থান নির্ধারণ করা এবং ভোটকেন্দ্রের চূড়ান্ত তালিকা সরকারি গেজেটে প্রকাশ করার দায়িত্ব নির্বাচন কমিশনের উপর অর্পিত। রিটার্নিং অফিসার নির্বাচন কমিশন কর্তৃক চুড়ান্ত তালিকা অনুযায়ী তার নির্বাচনি এলাকার জন্য প্রয়োজনীয় সংখ্যক ভোটকেন্দ্রের ব্যবস্থা করবেন।

৪। **ভোটকেন্দ্রের তালিকা চূড়ান্তকরণ:** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৮ অনুচ্ছেদ অনুসারে নির্বাচন কমিশন কর্তৃক ভোটকেন্দ্রের তালিকা সংরক্ষণের বিধান রয়েছে। উক্ত সংরক্ষিত ভোটকেন্দ্রের তালিকা নির্বাচন কমিশন প্রয়োজনীয় সংশোধন ও পরিবর্তন করে ভোটগ্রহণের অন্যূন ২৫ দিন পূর্বে চূড়ান্ত করতঃ সরকারি গেজেটে প্রকাশ করবেন। নির্বাচন কমিশন ভোটকেন্দ্র স্থাপনের নীতিমালা প্রণয়ন করে প্রাথমিক তালিকা প্রেরণের জন্য নির্বাচন কমিশন সচিবালয় হতে জারীকৃত স্মারক নং-১৭.০০.০০০০.০২৫.৪৪.০৮৯.১৮-৫০৭, তারিখ ১৯ জুলাই ২০১৮ এর মাধ্যমে সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসারকে নির্দেশনা প্রদান করা হয়েছে (সংলগ্নী-২)। উক্ত নীতিমালা অনুসারে জাতীয় সংসদের ৩০০ নির্বাচনী এলাকায় ভোটকেন্দ্রের প্রাথমিক তালিকা ৬ সেপ্টেম্বর ২০১৮ তারিখে প্রণয়ন করা হয়েছে। গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৮ অনুচ্ছেদের (৩) দফার বিধান অনুসারে রিটার্নিং অফিসারগণ ভোটকেন্দ্রে ভোটগ্রহনের ব্যবস্থা করবেন। গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৮ অনুচ্ছেদের (২) দফার বিধান অনুসারে রিটার্নিং অফিসারগণ তাদের আওতাধীন নির্বাচনি এলাকাসমূহের ভোটকেন্দ্রের তালিকা হতে ২৩ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে ইতোপূর্বে প্রদত্ত ছকে প্রেরণ করবেন। ভোটকেন্দ্রের তালিকা প্রণয়নের সময় ইতোপূর্বের নির্দেশনার আলোকে বিভিন্ন তথ্যের সারসংক্ষেপও প্রেরণ করবেন। সংশ্লিষ্ট জেলা নির্বাচন অফিসারগণ এ বিষয়ে প্রয়োজনীয় সহায়তা করবেন।

৫। **চূড়ান্ত ভোটকেন্দ্রের কোন কেন্দ্র কোন প্রার্থীর নিয়ন্ত্রণে বা বাড়ি সংলগ্ন কিনা তা অবহিতকরণ:** ভোটকেন্দ্রের তালিকা চূড়ান্ত হলেও এমনকি গেজেটে প্রকাশ করা হলেও আদেশের ৮(৫) অনুচ্ছেদ অনুসারে চূড়ান্ত তালিকায় উল্লিখিত কোন ভোটকেন্দ্র কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর অধীনে বা নিয়ন্ত্রণে স্থাপিত হলে তা জরুরি ভিত্তিতে কমিশনকে জানাতে হবে। প্রার্থিতা প্রত্যাহারের পর প্রতিটি নির্বাচনি এলাকার সকল ভোটকেন্দ্র সরেজমিনে যাচাই করে এ বিষয়ে নির্বাচন কমিশনে প্রেরণ করতে হবে।

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

৬। **ভোটগ্রহণকারী কর্মকর্তাদের প্যানেল প্রস্তুত:** ভোটগ্রহণ কর্মকর্তাদের প্যানেল প্রস্তুতের ব্যাপারে নির্বাচন কমিশন সচিবালয় হতে ১৬ অক্টোবর ২০১৮ তারিখে জারীকৃত স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৫.১৮(অংশ-৪)-৬২৩ **(সংলগ্নী-৩)** এর মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়েছে। তদানুযায়ী সকল কাজ নির্ধারিত সময়ে সমাপ্ত করতে হবে।

৭। **পোস্টাল ব্যালটে ভোটদান:** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ২৭ অনুচ্ছেদে জাতীয় সংসদ নির্বাচনে নিম্নরূপ ব্যক্তিবর্গের পোস্টাল ব্যালট- এর মাধ্যমে তাদের ভোটাধিকার প্রয়োগের বিধান রয়েছেঃ

(ক) ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৮ এর উপ-ধারা (৩) এবং (৫) এ বর্ণিত ব্যক্তিবর্গ;

(খ) কোন ব্যক্তি তিনি যে ভোট কেন্দ্রে ভোট দেয়ার অধিকারী সে কেন্দ্র ছাড়া অন্য কোন ভোট কেন্দ্রে নির্বাচন সংক্রান্ত কোন দায়িত্ব পালনের জন্য নিযুক্ত আছেন;

(গ) বাংলাদেশী ভোটার বিদেশে বসবাস করলে।

[গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ২৭ এবং ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৮ এর সংশ্লিষ্ট অংশের কপি **পরিশিষ্ট-খ**]

৮। **পোস্টাল ব্যালটে ভোটদানের জন্য আবেদন:** ভোটদানের জন্য **(ক)** দফায় উল্লিখিত ব্যক্তিবর্গ কমিশন কর্তৃক নির্বাচনি সময়সূচির প্রজ্ঞাপন ঘোষণার দিন হতে ১৫ (পনের) দিনের মধ্যে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য রিটার্নিং অফিসারের নিকট বিধি অনুসারে আবেদন করতে পারবেন এবং নির্বাচনের কাজে নিযুক্ত ব্যক্তিগণকেও নির্বাচনি কাজে নিয়োগপ্রাপ্ত হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট আবেদন করতে হবে।

৯। **আবেদনপত্র প্রাপ্তির পর করণীয়:** রিটার্নিং অফিসার উল্লিখিত আবেদন প্রাপ্তির পর পরই সংশ্লিষ্ট ভোটারের নিকট একটি পোস্টাল ব্যালট পেপার এবং তদসংগে একটি খাম প্রেরণ করবেন। উক্ত খামের উপর ভোটার কর্তৃক যথারীতি পূরণকৃত খামটি ডাক বিভাগের উপযুক্ত কর্মকর্তার দ্বারা সার্টিফিকেট অব পোস্টিং এর মাধ্যমে ডাকযোগে প্রেরণের প্রত্যয়নসহ তারিখ উল্লেখ থাকবে। সার্টিফিকেট অব পোস্টিং এর মাধ্যমে পোস্টাল ব্যালট পেপার গ্রহণ এবং চিঠির উপর এ সম্পর্কে রাবার স্ট্যাম্পের সিল ব্যবহার করতে হবে। রিটার্নিং অফিসার সাথে সাথে ডাকযোগে ভোট দানের যোগ্য ব্যক্তিগণের নিকট পোস্টাল ব্যালট পেপার প্রেরণ করবেন এবং নিম্নোক্ত কার্যাদি সম্পন্ন করবেনঃ

(ক) যার নিকট ব্যালট পেপার প্রেরণ করা হবে তার নাম, সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার নাম এবং ভোটার তালিকায় বর্ণিত ক্রমিক নম্বর ইস্যুকৃত ব্যালট পেপারের মুড়িপত্রে লিপিবদ্ধ করবেন।

(খ) উল্লিখিত ভোটার সংশ্লিষ্ট ভোটকেন্দ্রে যাতে ভোট প্রদান করতে পারেন তা নিশ্চিত করবেন।

(গ) ডাকযোগে ব্যালট পেপার প্রেরণ ও প্রাপ্তির নিশ্চয়তা বিধানের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্তৃপক্ষকে বিশেষ নির্দেশনা প্রদান করতে হবে।

১০। **নির্বাচনি কর্মকর্তা ও কর্মচারীদের জেলার বাহিরে বদলির আদেশ স্থগিতকরণ:** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৪৪ই অনুচ্ছেদের বিধান অনুসারে নির্বাচনি তফসিল ঘোষণার পর হতে নির্বাচনি ফলাফল ঘোষণার পরবর্তী ১৫ দিনের মধ্যে নির্বাচন কমিশনের পূর্বানুমতি ব্যতিরেকে নিম্নোক্ত কর্মকর্তাবৃন্দকে স্ব স্ব কর্মস্থল হতে বদলী না করার বিধান রয়েছেঃ

(ক) বিভাগীয় কমিশনার;

(খ) মেট্রোপলিটন পুলিশ কমিশনার;

(গ) জেলা প্রশাসক,

(ঘ) পুলিশ সুপার, অথবা

(ঙ) বিভাগ, জেলায় বা মেট্রোপলিটন এলাকায় কর্মরত তাঁদের অধীনস্থ কর্মকর্তাবৃন্দ।

১১। **নির্বাচনে দায়িত্বঃ** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১২৬ অনুচ্ছেদ এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৫ অনুচ্ছেদের (২) দফা অনুযায়ী নির্বাচন কমিশনের দায়িত্ব পালনে সহায়তা করা সকল নির্বাহী কর্তৃপক্ষের আবশ্যকীয় কর্তব্য। নির্বাচনি সময়সূচি জারীর পর নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৩নং আইন) এর ৪(৩) ধারা অনুসারে নির্বাচনি দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী স্বীয় চাকুরীর অতিরিক্ত দায়িত্ব হিসেবে নির্বাচন কমিশনের অধীনে প্রেষণে নিয়োজিত আছেন বলে বিবেচিত হবেন। উক্ত আইনের ৪(২) ধারা অনুযায়ী কোন ব্যক্তি নির্বাচন কর্মকর্তা নিযুক্ত হলে তার নিয়োগকারী কর্তৃপক্ষ তাকে নির্বাচন কর্মকর্তা হিসেবে কোন দায়িত্ব পালনের ব্যাপারে বাধা দিতে পারবেন না বা বিরত

রাখতে পারবেন না। এমতাবস্থায়, জাতীয় সংসদের সাধারণ নির্বাচনের তফসিল ঘোষণার তারিখ বা উক্ত তারিখের পর আদেশের ৪৪ই অনুচ্ছেদে উল্লেখিত কোন কর্মকর্তাকে এবং রিটার্নিং অফিসার কর্তৃক প্রস্তুতকৃত প্যানেলভুক্ত কোন কর্মকর্তা/কর্মচারীকে রিটার্নিং অফিসারের পূর্বানুমোদন ব্যতীত নির্বাচন সমাপ্ত না হওয়া পর্যন্ত বদলী করা যাবে না।

১২/১১/২০১৮

(ফরহাদ আহাম্মদ খান)
যুগ্মসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
৭৯১১৮৪৬ (বাসা)
০১৭১৫০০০৭৪৯ (মোবাইল)
E-mail: forhadakecs2015@gmail.com

প্রাপক

১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
২। জেলা প্রশাসক, ...............................(সকল) ও রিটার্নিং অফিসার

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০২০.১৮-৬৬১

তারিখঃ ২৮ কার্তিক ১৪২৫
১২ নভেম্বর ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৪. সিনিয়র সচিব, ................................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. সচিব, ................................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৯. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. বিভাগীয় কমিশনার, ............................(সকল)
১২. উপমহাপুলিশ পরিদর্শক, .............................. (সকল রেঞ্জ)
১৩. পুলিশ কমিশনার, ..................................... মেট্রোপলিটন পুলিশ (সকল)
১৪. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৬. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৭. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ...................................... (সকল)
১৯. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [এ বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার অনুরোধসহ]
২০. জেলা প্রশাসক, .................................... (সকল) ও রিটার্নিং অফিসার
২১. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২২. জোনাল এক্সিকিউটিভ অফিসার, ...................... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৩. পুলিশ সুপার, .................................... (সকল)
২৪. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ...................... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৫. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ............................... (সকল)
২৬. উপজেলা নির্বাহী অফিসার, .............................. (সকল) ও সহকারী রিটার্নিং অফিসার
২৭. ............................................................... ও সহকারী রিটার্নিং অফিসার
২৮. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ................................ (সকল)
২৯. জেলা তথ্য অফিসার, ............................... (সকল)
৩০. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩১. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ –এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩২. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩৩. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩৪. উপজেলা/থানা নির্বাচন অফিসার, ........................ (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৩৫. উপজেলা/থানা নির্বাচন অফিসার.......................... (সকল)
৩৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, .......................... (সকল)
৩৭. নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা।

( মোঃ আতিয়ার রহমান )
উপসচিব
ফোন: ৫৫০০৭৬১০ ফ্যাক্স : ৫৫০০৭৫৫৮
E-mail: sasemc1@gmail.com